KOLKATA POLICE
GOVERNMENT OF WEST BENGAL

Kolkata Police announces the opening of a Public Grievance Cell at Kolkata Police Head Quarters at 18, Lalbazar Street, Kolkata – 700001. The cell will work under the direct supervision of the Spl. Commissioner of Police, Kolkata who is also the Chief Vigilance Officer of Kolkata Police Force. Any person having specific grievance / grievances against any member of Kolkata Police Force or any Police station / Police Unit under Kolkata Police may lodge complaint before the Officer-in-charge, Public Grievance Cell, 18, Lalbazar Street, Kolkata – 700001, giving details of his grievances, date of contacting local Police station / unit and action taken by such Police station / Unit.

The procedures to be adopted for lodging complaint:-

- Directly handover at the Central Receiving Section, Ground Floor, Main Building, 18, Lalbazar Street, Kolkata – 700001 of Kolkata Police Head quarters.
- Through E-mail, Fax and by post /courier.
- E-mail address : grievance@kolkatapolice.gov.in
- Fax No. : 033-2214 5512.

Every complaint received at the cell will be acknowledged within 7 (Seven) days of receipt with a registration number which may be referred to in all future communications. Normally no anonymous / pseudonymous complaint will be entertained. But those, who do not want to disclose their identity for specific reasons may lodge their complaint directly to the Spl. Commissioner of Police, Kolkata who will dispose of the same on its merit. The Public Grievance Cell will not entertain any complaint relating to a civil dispute in which police has no role to play. Any complaint against public Grievance cell may be lodged with the Commissioner of Police and Spl. Commissioner of Police, Kolkata.

For further information regarding the complaint lodged by you kindly contact telephone No. 2250-5134/5340 on any normal working day i.e. Monday to Friday (between 10.00 Hrs. to 18.00 Hrs.)

Further, the Jt. Commissioners of Police and Dy. Commissioners of Police have started visiting the Police Stations to hear you and take steps for redressal of your grievances. Members of Public are requested to kindly take this opportunity of meeting the Jt. / Dy. Commissioner of Police at their own Police Station. The detailed programme of visit by Jt. /Dy. Commissioners of Police is available at our Website www.kolkatapolice.gov.in and also exhibited on the Thana Notice Board.

কলকাতা পুলিশ
পশ্চিমবঙ্গ সরকার

কলকাতা পুলিশের সদর দপ্তর ১৮, লালবাজার স্ট্রীট, কলকাতা-৭০০ ০০১ - এ গঠিত হল একটি জন অভিযোগ শাখা যা শুধুমাত্র কলকাতা পুলিশের এক্তিয়ারভুক্ত এলাকার জন্যই প্রযোজ্য । কলকাতা আরক্ষা বাহিনীর মুখ্য তদারকি আধিকারিক (চীফ্ ভিজিলেন্স অফিসার) বিশেষ নগরপাল, কলকাতা এঁর প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই শাখাটি কাজ করবে । কলকাতা আরক্ষা বাহিনীতে কর্মরত কোন পুলিশকর্মী অথবা কলকাতা আরক্ষা বাহিনীর অন্তর্গত কোন থানা বা শাখার বিরুদ্ধে কোন ব্যক্তির নির্দিষ্ট অভিযোগ থাকলে তিনি অভিযোগের বিশদ বিবরণ, স্থানীয় থানায়/শাখায় যোগাযোগের তারিখ এবং ঐ থানা/শাখা কি ব্যবস্থাদি গ্রহণ করেছে তার বর্ণনা সহ জন অভিযোগ শাখায় তাঁর অভিযোগ নথিভুক্ত করতে পারেন । অভিযোগ পত্রটি নিম্নলিখিত ঠিকানায় জমা দিতে হবে ।

ভারপ্রাপ্ত আধিকারিক, জন অভিযোগ শাখা,
১৮, লালবাজার স্ট্রীট, কলকাতা-৭০০ ০০১

অভিযোগ জমা দেবার পদ্ধতি :-

* কেন্দ্রীয় সদর দপ্তরে রিসিভিং সেকশন, প্রথম তল, মেন বিল্ডিং, ১৮,লালবাজার স্ট্রীট, কলকাতা-৭০০০০১ -এ সরাসরি জমা দেওয়া যেতে পারে ।
* ই-মেল, ফ্যাক্স বা ডাক/ক্যুরিয়ার মারফৎও অভিযোগ পাঠানো যেতে পারে ।
  ই-মেল নং - grievance@kolkatapolice.gov.in
  ফ্যাক্স নং - ০৩৩-২২১৪ ৫৫১২

প্রত্যেক অভিযোগকারীকে অভিযোগ গ্রহনের ৭ দিনের মধ্যে নিবন্ধন সংখ্যা সহ প্রাপ্তিস্বীকারের একটি রসিদ দেওয়া হবে, যা পরবর্তী সময়ে নির্দিষ্ট অভিযোগ সম্পর্কে খোঁজ খবর নিতে গেলে অনুগ্রহ করে উল্লেখ করতে হবে । সাধারণতঃ নাম বিহীন বা কোন কল্পিত নামের অভিযোগকারীর অভিযোগ গ্রহণ করা হবে না। তবে যুক্তিসংগত কারণ সাপেক্ষে কোন অভিযোগকারী যদি তার নাম গোপন রাখতে চান সেক্ষেত্রে ঐ ব্যক্তি সরাসরি নগরপাল অথবা বিশেষ নগরপাল, কলকাতা এঁর কাছে তাঁর অভিযোগ জানাতে পারবেন এবং তিনি বিষয়টির গুরুত্ব বুঝে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন । সামাজিক বা পারিবারিক বিষয় সংক্রান্ত কোন অভিযোগ, যেখানে পুলিশের কোন ভূমিকা নেই তা এই শাখায় গ্রহন করা হবে না । এই জন অভিযোগ শাখার বিরুদ্ধে কারও যদি কোনরূপ অভিযোগ থাকে তবে তিনি তা সরাসরি নগরপাল কিম্বা বিশেষ নগরপাল, কলকাতা এঁর কাছে পেশ করতে পারবেন ।

অভিযোগ জমা দেওয়ার পর উল্লিখিত অভিযোগ সম্বন্ধে অনুসন্ধান করতে হলে, সাধারন কর্মদিবসে (সোমবার থেকে শুক্রবার) দূরাভাষ ২২৫০-৫১৩৪/৫৩৪০ (সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত) যোগাযোগ করা যেতে পারে ।

এছাড়াও কলকাতা আরক্ষা বাহিনীর যুগ্ম ও উপনগরপালগণ পূর্ব নির্ধারিত কর্মসূচী অনুযায়ী বিভিন্ন দিনে থানায় উপস্থিত থাকবেন । সেই থানার বাসিন্দারা তাঁদের অভিযোগ সরাসরি যুগ্ম/উপনগরপালদেরও জানাতে পারেন । যুগ্ম / উপনগরপালদের থানা পরিদর্শনসূচী থানার নোটিশবোর্ডে উল্লিখিত থাকবে । এছাড়াও কলকাতা পুলিশের website www.kolkatapolice.gov.in তে এই পরিদর্শনসূচী দেখা যাবে ।

Status Report against complaint received by Public Grievance Cell

The Public Grievance Cell was incepted on 19.11.2007 and since it's inception 1110 complaints have been received till 30.06.2011.

In 55 cases the allegations against the police personnel have been substantiated on enquiry and appropriate departmental actions against the concerned police personnel have already been taken.

In 900 cases the allegations against the police personnel could not be substantiated. 54 complaints have been referred to the concerned department for taking necessary action, as the complaints did not contain any allegation against the personnel of Kolkata Police.

The remaining complaints are being enquired into.